

## এম আর আখতার মুকুন্দের চরমপত্র



১৪ই ডিসেম্বর মঙ্গলবার আবার 'চরমপত্র' বইটা নাড়াচাড়া করছিলাম। এই চরমপত্রের সৃষ্টির সাথে আমার অনেক স্মৃতি। আবার পাশে বসে আমি আবারকে লিখতে দেখেছি। একটা সাউন্ডপ্রফহীন বন্ধ ঘরে ওগুলো রেকর্ড করতে দেখেছি। রেকর্ডিং শেষে আবার মুখে একটা বিজয় বিজয় হাসিও দেখেছি। চোখ দুটো ক্রমশঃ ঝাপসা হয়ে গেলো। কত কিছু ভাবছিলাম। এক সময়ে ভাবলাম পুরোটা সম্ভব না হলেও অন্তত দু'চারটা চরমপত্র সিডনিবাসি বাংলাতে দিয়ে দেই। তাই শেষ তিনটি চরমপত্র এখানে সন্নিবেশ করলাম। ১৬ই ডিসেম্বর বিজয় দিবসে পড়তে কারো কারো হয়তো ভালো লাগতেও পারে।

বিজয় দিবসের শুভেচ্ছান্তে

কবিতা পারভেজ